

মন্ত্রণালয়ের জারিকৃত নিয়ম শিক্ষকতাকে গোলামীর পেশায় পরিণত করবে

সমন্বয় পরিষদ

ইত্তেফাক রিপোর্ট : শিক্ষার মান উন্নয়নে গঠিত জেলা ও উপজেলা কমিটির বিরুদ্ধে অসন্তোষ প্রকাশ করেছে শিক্ষক কর্মচারী সমন্বয় পরিষদ। গতকাল বুধবার ঢাকা রিপোর্টস ইউনিট কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে সমন্বয় পরিষদের পক্ষ থেকে বলা হয়েছে, শিক্ষা মন্ত্রণালয় এক প্রজ্ঞাপনের মাধ্যমে ৪১টি নিয়ম জারি করেছে। যা দেশের ৫ লাখেরও বেশি শিক্ষক-কর্মচারীকে গোলামীর জিঞ্জিরে বেঁধে ফেলার সম্মিল। ৪১টি নিয়ম মানা হলে শিক্ষকতা কোন মহান পেশা থাকবে না। গোলামীর পেশায় পরিণত হবে। (২য় পৃঃ ১-এর কঃ প্রঃ)

মন্ত্রণালয়ের জারিকৃত

(প্রথম পৃঃ পর)

সাংবাদিক সম্মেলনে অবিলম্বে প্রজ্ঞাপন বাতিল করার আহ্বান জানান হয়। শিক্ষক-কর্মচারী সমন্বয় পরিষদের সদস্য সচিব শেখ আবদুস সালাম সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। বক্তব্য রাখেন প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ মোঃ আশরাফুল আলম।

শিক্ষক নিয়োগ সংক্রান্ত
পরিপত্র প্রত্যাহারের দাবী

বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মোঃ শাহজাহান ও সাধারণ সম্পাদক মোঃ আবদুর রশীদ গতকাল এক বিবৃতিতে বেসরকারী কলেজে শিক্ষক নিয়োগ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র প্রত্যাহারের দাবী করেছেন। তারা বলেন, পরিপত্রে জেলা প্রশাসকের নেতৃত্বে প্রতি জেলায় শিক্ষক নিয়োগ কমিটি গঠন করার কথা বলা হয়েছে। আমরা মনে করি এ প্রক্রিয়ায় শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আমলাতান্ত্রিক জটিলতা বাড়বে। শিক্ষকের অভাবে শিক্ষা কার্যক্রম অনিবার্যভাবে ব্যাহত হবে।